২৮৬

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... NOV. 03 1999
পৃষ্ঠা ৭ কলাম ৩

# জাতীয় শিক্ষা জরিপে শিক্ষকদের সম্পৃক্ত করায়-

ভোলা সংবাদদাতা ॥ বিদ্যালয়সমূহের বার্ষিক পরীক্ষা সামনে রাখিয়া শিক্ষকদের জাতীয় শিক্ষা জরীপে সম্পৃক্ত করায় পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় দারুণ বিঘ্ন সৃষ্টি হইয়াছে। জানা গিয়াছে, সরকার প্রতিটি সরকারী মাধ্যমিক বিদ্যালয় হইতে ৭ জন করিয়া শিক্ষককে জরীপ কাজে নিয়োজিত করিয়াছে। এই কার্যক্রম গত ২৩শে অক্টোবর শুরু হইয়াছে। শেষ হইবে আগামী ৬ই নভেম্বর। শিক্ষক স্বল্পতার কারণে স্থানীয় সরকারী বিদ্যালয়সমূহে বর্তমানে লেখাপড়া হইতেছে না বলিলেই চলে।

এদিকে প্রতিটি বিদ্যালয়েই চলতি মাসের ২২ তারিখ হইতে আগামী মাসের ২ তারিখের মধ্যে বার্ষিক পরীক্ষা শেষ করিবার জন্য সরকারী প্রজ্ঞাপন রহিয়াছে।